


## বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগসমূহ



প্রকাশনায়: ইনোভেশন টিম, জিএসবি

প্রকাশকাল: ২০ মে, ২০২১ খ্রি.

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

[www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)



বাংলাদেশের  
পুর্বাভূমিক্তী  
Bangladesh



# বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগসমূহ



প্রকাশকাল: ২০ মে, ২০২১ খ্রি.

প্রকাশনায়: ইনোভেশন টিম, জিএসবি

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

[www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)

## বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর বা সংক্ষেপে জিএসবি দেশের সর্বত্র ভূতাত্ত্বিক জরিপ কার্যক্রম পরিচালনার দায়িত্বে নিয়োজিত একমাত্র রাষ্ট্রায়ত্ত্ব প্রাপ্ত প্রতিষ্ঠান। এটি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাভুক্ত একটি অধিদপ্তর। মহান স্বাধীনতা অর্জনের সুবর্ণ জয়ন্তী উৎসব উদযাপনের বছরে বাংলাদেশকে বিশ্বের দরবারে একটি মর্যাদাশীল জাতি হিসাবে প্রতিষ্ঠিত করার প্রয়াসে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের গৌরবোজ্জ্বল ৫০ বছরের কৃতিত্বপূর্ণ অবদান দেশের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। মানব সভ্যতার ইতিহাসে খনিজ সম্পদের প্রয়োজনীয়তা ও এর যথাযথ ব্যবহার অনস্বীকার্য। দেশের সুজলা-সুফলা, শস্য-শ্যামলা নদীমাতৃক ব-দ্বীপীয় সমতল ভূমির নরম পলিমাটির নীচে মূল্যবান খনিজ সম্পদের অবস্থান অনেকটাই অজানা ছিল। স্বাধীনতাপূর্ব কল্পনার জগত থেকে বের হয়ে ভূতাত্ত্বিক জরিপের মাধ্যমে নব নব খনিজ আবিষ্কারের মাধ্যমে বাংলাদেশ ক্রমেই খনিজ সম্পদে সমৃদ্ধ একটি দেশে পরিণত হয়েছে। বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের দক্ষ ও মেধাবী ভূতত্ত্ববিদগণের নিরলস শ্রম আর ঐকান্তিক প্রচেষ্টায় নতুন নতুন কয়লা ক্ষেত্রের আবিষ্কার থেকে শুরু করে লোহা, পাথর, চুনাপাথর, কাঁচবালি, নুড়ীপাথর, পীট, চীনা মাটি, ধাতব খনিজ, খনিজ বালু ইত্যাদি একের পর এক আবিষ্কার দেশের খনিজ সম্পদের ভান্ডারকে সমৃদ্ধ করে সম্ভবনার নতুন আশার সঞ্চার করেছে। সাদা মাটি, নুড়ীপাথর ও সিলিকা বালুসহ অন্যান্য ছোট ছোট খনি প্রকল্পগুলোতে হাজার হাজার শ্রমিকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে দিনাজপুরের বড়পুকুরিয়ার কয়লা ও মধ্যপাড়া কঠিন শিলা উত্তোলনের মাধ্যমে বাংলাদেশ পৃথিবীর ‘খনি মানচিত্রে’ অবস্থান করে নিয়েছে। এ আবিষ্কারের ফলশ্রুতিতে বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড এবং মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড পেট্রোবাংলার ২টি আন্ডার গ্রাউন্ড মাইনিং কোম্পানীর সৃষ্টির কারণে শত শত শ্রমিকের কর্মসংস্থান হয়েছে। বাণিজ্যিক ভিত্তিতে কয়লা ও পাথর উত্তোলনের কারণে আমদানী নির্ভর দেশের বিপুল পরিমাণ বৈদেশিক রাজস্ব সাশ্রয়ের পাশাপাশি খনিদ্বয় দেশের আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বড়পুকুরিয়ার উত্তোলিত কয়লা ব্যবহার করে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলায় ৫২৫ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন দেশের একমাত্র কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র হতে বিদ্যুৎ উৎপাদন চলছে। সম্প্রতি দিনাজপুর জেলার হাকিমপুরে স্বল্প গভীরতায় প্রথম বারের মত লোহার আকরিক সমৃদ্ধ শিলার আবিষ্কার দেশের শিল্পখাতে অসামান্য ভূমিকা রাখবে আশা করা যায়। বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে আবিষ্কারের স্বীকৃতি স্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শ্রেষ্ঠ বৈজ্ঞানিক প্রতিষ্ঠান হিসাবে জিএসবি’কে ১৯৯৪ সালে মহান ‘স্বাধীনতা দিবস পুরস্কার’ প্রদান করে। দেশের সমুদ্রসীমা সংক্রান্ত বিরোধ নিরসনে আন্তর্জাতিক আদালতে আইনগত স্বীকৃতি অর্জনে জিএসবি ভূতাত্ত্বিক তথ্য ও উপাত্ত সরবারহ করে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দীর্ঘ পাঁচ দশকের ঐতিহ্যের পথ পরিক্রমায় ঈর্ষণীয় সাফল্যে অর্জনের মাধ্যমে জিএসবি এখন দেশের সফলতম ভূতাত্ত্বিক প্রতিষ্ঠান।

জিএসবি ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় সেবা সহজিকরণ, উদ্ভাবনী উদ্যোগ, ডিজিটাল সেবা বিষয়ে তিনটি আইডিয়া বাস্তবায়ন করেছে। উদ্ভাবনী উদ্যোগসমূহকে অধিকতর প্রচারের জন্য সমন্বিত আকারে একটি ছোট পুস্তিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

-:সূচীপত্র:-

ক্রম	ক্যাটাগরী	শিরোনাম
১.	সেবা সহজিকরণ	সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ
২.	উদ্ভাবনী উদ্যোগ	জিএসবি ব্লাড ক্লাব
৩.	ডিজিটাল সেবা	বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে জিএসবি'র লাইব্রেরির প্রকাশিত প্রতিবেদনের তথ্য প্রদান সেবা প্রক্রিয়া সহজিকরণ

## সেবা সহজিকরণ

ক) সেবা সহজিকরণকৃত উদ্ভাবনী উদ্যোগটির নাম: সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ

খ) সেবাটি সহজিকরণের যৌক্তিকতা (সমস্যাটি কি ছিল): বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত একমাত্র সরকারী সংস্থা যা বাংলাদেশের ভূতাত্ত্বিক গবেষণা সম্পাদন করে থাকে। স্তরতত্ত্ব এবং জীবস্তরতত্ত্ব শাখা জিএসবির একটি গুরুত্বপূর্ণ শাখা যা স্তরতাত্ত্বিক এবং জীবস্তরতাত্ত্বিক টুলস্ ব্যবহার করে স্তরতাত্ত্বিক শ্রেণিবিন্যাস সম্পর্কিত গবেষণা করে থাকে। উক্ত শাখায় বিশদ আকারে প্যালিওন্টোলজিক্যাল গবেষণা চলমান রয়েছে। এই প্যালিওন্টোলজিক্যাল গবেষণায় প্যালিনোলজিক্যাল এবং ফোরামিনিফেরার গবেষণা উল্লেখযোগ্য। উক্ত গবেষণার মাধ্যমে প্রত্নপরিবেশ (প্যালিও এনভায়রমেন্ট) পুনরুদ্ধার, গঠনকালীন পরিবেশ (ডিপোজিশনাল এনভায়রমেন্ট) এর ইতিহাস, জলবায়ুর পরিবর্তন এবং হাইড্রোকার্বনের উপস্থিতি জানা যায়। বর্তমান সময়ের পোলেনসমূহ পর্যবেক্ষন করার মাধ্যমে হলোসিন সময়ের বৃক্ষ, গুল্ম ও আগাছা প্রজাতির প্রত্নপরিবেশ এবং প্যালিনোলজিক্যাল জেন নির্ণয় করা সম্ভব। এই বিশদ গবেষণায় সহায়তা প্রাপ্তির উদ্দেশ্যে পোলেন ক্যাটালগ প্রস্তুতির লক্ষ্যে বর্তমানে সহায়ক কর্মসূচি হিসেবে প্রতি বছর ক্ষুদ্র আকারে ‘পোলেন ক্যাটালগ’ প্রস্তুতির কাজ করা হচ্ছে। সেই সাথে সনাক্তকৃত মাইক্রোফসিল (ফোরামিনিফেরা) এর নমুনা নিয়েও ‘ক্যাটালগ’ প্রস্তুতির কাজ চলমান রয়েছে। বাংলাদেশের প্রেক্ষাপটে এখন পর্যন্ত পোলেন এবং ফোরামিনিফেরার সম্পূর্ণ কোন ক্যাটালগ প্রস্তুত করা হয়নি। উক্ত দুইটি ক্যাটালগ স্তরতত্ত্ব এবং জীবস্তরতত্ত্ব, প্রত্নপরিবেশ, হাইড্রোকার্বনের গবেষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং শিক্ষার্থীদের শিক্ষা এবং গবেষণার কাজে বিশেষ সহায়ক ভূমিকা পালন করে বিধায় ক্যাটালগ সম্পর্কিত তথ্য ও পরীক্ষাগার প্রস্তুত প্রণালী সম্পর্কে ধারণা প্রাপ্তির উদ্দেশ্যে বর্তমানে বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং গবেষণা সংস্থা বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের নিকট আবেদন করেন। সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি উক্ত তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে পুনঃপুন অধিদপ্তরে যাতায়াতের কারণে মূল্যবান সময় ও অর্থের অপচয় হয় এবং একইসাথে সেবাদানকারি কর্মকর্তার সময়ের অপচয়ের সাথে দাপ্তরিক কাজেও আসুবিধার সম্মুখীন হতে হয়। ফলশ্রুতিতে সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের নিকট হতে যথাযথ তথ্য প্রাপ্তি থেকে বঞ্চিত হন।

◇ কিভাবে সমস্যাটির সমাধান করা হয়েছে: স্তরতত্ত্ব এবং জীবস্তরতত্ত্ব শাখায় সংরক্ষিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল গবেষণার ক্যাটালগ সম্পর্কিত তথ্য ও পরীক্ষাগার প্রস্তুত প্রণালী অ্যাপ আকারে অনলাইনে আপলোড করা হয়েছে। উক্ত তথ্য সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি (সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গবেষণা কাজে নিয়োজিত ছাত্র/গবেষক/শিক্ষক) অনলাইনে অ্যাপ থেকে সংগ্রহ করতে পারছেন। অ্যাপটি ডায়নামিক হিসেবে প্রস্তুত করা হয়েছে যা প্রতি বছর গবেষণালব্ধ নতুন তথ্য দ্বারা হালনাগাদ করা হবে, ফলশ্রুতিতে সেবাগ্রহণকারী সংস্থা/ব্যক্তি হালনাগাদ তথ্যসমূহ সহজেই সংগ্রহ করতে পারবেন।

◇ সমস্যা সমাধানের মধ্যে উদ্ভাবন কি ছিল: সেবাগ্রহীতাসহ জিএসবি’র যে কোনো কর্মকর্তা স্তরতত্ত্ব এবং জীবস্তরতত্ত্ব শাখায় সংরক্ষিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল গবেষণার ক্যাটালগ ও পরীক্ষাগার প্রস্তুত

প্রণালী সম্পর্কিত তথ্য যে কোন অবস্থান থেকে বিনা খরচ এবং বিনা যাতায়াতে স্বল্পসময়ে পেতে পারেন। বাংলাদেশের প্রেক্ষাপটে এখন পর্যন্ত পোলেন এবং ফোরামিনিফেরার সম্পূর্ণ কোন ক্যাটালগ প্রস্তুত করা হয়নি। ডিজিটাল বাংলাদেশের স্লোগানকে সামনে রেখে এ ধরনের ক্যাটালগ অ্যাপ আকারে প্রকাশিত হওয়ায় তা ভূতাত্ত্বিক শিক্ষা এবং গবেষণার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। উল্লেখ্য, এ ধরনের অ্যাপ বর্হিবাংলাদেশে বহুলভাবে ব্যবহৃত হচ্ছে।

◇ **বর্তমান সেবা সহজিকরণের পূর্বের অবস্থা কি ছিলো:** পূর্বে সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে মহাপরিচালক মহোদয়ের নিকট আবেদন করতেন যা বিভিন্ন ধাপ অতিক্রম করে সংশ্লিষ্ট শাখা প্রধানের নিকট পৌছানোর পর শাখা প্রধান অনুমতি সাপেক্ষে তথ্য প্রদান করতেন। এই প্রক্রিয়াটিতে সেবা গ্রহিতার অর্থের এবং সময়ের অপচয় হতো।

◇ **জনগনের সেবা প্রদানে কিভাবে এটি ভূমিকা রাখবে:** সেবাগ্রহীতাগণকে এর মাধ্যমে বিনা খরচ এবং বিনা যাতায়াতে স্বল্প সময়ে তথ্য প্রদান করা সম্ভব হচ্ছে।

◇ **সেবা সহজিকরণকৃত উদ্ভাবনটিতে কি শিক্ষণীয় রয়েছে:** বাংলাদেশের প্রেক্ষাপটে এখন পর্যন্ত পোলেন এবং ফোরা মিনিফেরার সম্পূর্ণ কোন ক্যাটালগ প্রস্তুত করা হয়নি। ডিজিটাল বাংলাদেশের স্লোগানকে সামনে রেখে এ ধরনের ক্যাটালগ অ্যাপ আকারে প্রকাশিত হওয়ায় তা ভূতাত্ত্বিক শিক্ষা এবং গবেষণার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

#### গ) সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি:

	বিষয়	তথ্যাদি
১.	সেবা প্রদানকারী অফিস	বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২.	সেবার সংক্ষিপ্ত বিবরণ	<ul style="list-style-type: none"> <li>সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে মহাপরিচালক মহোদয়ের নিকট আবেদন করেন।</li> <li>মহাপরিচালক মহোদয় তথ্য প্রদান সম্ভবপর হলে অনুমতি প্রদান করে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করেন।</li> <li>শাখার শাখা প্রধান তথ্যের ধরনের উপর নির্ভর করে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণ করেন।</li> <li>উক্ত কর্মকর্তা প্রকাশিত তথ্যের ভিত্তিতে সকল তথ্যকে শ্রেণীবিন্যাস করেন।</li> <li>সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি কে তথ্য প্রদান করেন।</li> </ul>
৩.	বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা	১০-২০ জন
৪.	সেবাপ্রাপ্তির শর্তাবলি	কাগজপত্রাদিসহ যথাযথভাবে উপযুক্ত ব্যক্তির নিকট আবেদন দাখিল করতে হবে, চাহিত তথ্যের সহজলভ্যতা এবং সংশ্লিষ্ট কর্মকর্তার/কর্মচারির নিয়মিত দাপ্তরিক কাজ সমাপনান্তে অবশিষ্ট সময় (যদি থাকে)।


৫.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	১. মহাপরিচালক ২. উপ মহাপরিচালক ৩. পরিচালক ৪. উপ পরিচালক ৫. সহকারি পরিচালক ৬. পরীক্ষাগার সহকারি ও ৭. অন্যান্য কর্মচারি
৬.	সেবাপ্রাপ্তির সময়	০১-০২ মাস
৭.	সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র	সেবা গ্রহণকারী ব্যক্তির বিশ্ববিদ্যালয়/গবেষণা সংস্থা হতে তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে উপযুক্ত চাহিদাপত্র।
৮.	সেবাপ্রাপ্তির জন্য খরচ	৫০০০ টাকা (আনুমানিক)
৯.	সেবাপ্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	৮-১০ বার নূন্যতম।
১০.	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা	প্রযোজ্য নয়
১১.	সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা, পদবি, ইমেইল ও ফোন	প্রযোজ্য নয়
১২.	সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/ সমস্যা / চ্যালেঞ্জসমূহ	সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন দাখিলের পর আবেদন পত্র যাচাই এবং মতামত প্রাপ্তির জন্য বারংবার অধিদপ্তরে যাতায়াতের কারণে মূল্যবান সময় ও অর্থের ব্যাপক অপচয় হয় এবং একইসাথে সেবাদানকারি কর্মকর্তার সময়ের অপচয়ের সাথে দাপ্তরিক কাজেও অসুবিধার সম্মুখিন হতে হয়। ফলশ্রুতিতে সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের নিকট হতে যথাযথ তথ্য প্রাপ্তি থেকে বঞ্চিত হন।

ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ:


সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে মহাপরিচালক মহোদয়ের নিকট আবেদন দাখিল	১ দিন	আবেদনকারী

ধাপ-২	আবেদনপত্র গ্রহণ, ডায়েরিভুক্তকরণ	২ দিন	মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা
ধাপ-৩	মহাপরিচালক মহোদয়ের নিকট পেশ করা	১ দিন	মহাপরিচালক
ধাপ-৪	মহাপরিচালক মহোদয় পরিকল্পনা ও বাস্তবায়ন শাখায় প্রেরণ করেন	১ দিন	মহাপরিচালক এবং পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা
ধাপ-৫	পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, উপ পরিচালক পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার নিকট প্রেরণ করেন	১ দিন	পরিচালক এবং উপ পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা
ধাপ-৬	উপ পরিচালক পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, নথিতে উপস্থাপনের উদ্দেশ্যে শাখায় প্রেরণ করেন	২ দিন	উপ পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, অধীক্ষক, সহকারী এবং অফিস সহকারী
ধাপ-৭	অফিস সহকারী, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, নথিতে উপস্থাপন করে উপ পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার নিকট প্রেরণ করেন	৩ দিন	উপ পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, অধীক্ষক, সহকারী এবং অফিস সহকারী
ধাপ-৮	উপ পরিচালক পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, নথিটি পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এর নিকট প্রেরণ করেন	১ দিন	পরিচালক এবং উপ পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা
ধাপ-৯	পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, মহাপরিচালক মহোদয়ের নিকট পেশ করেন	১ দিন	মহাপরিচালক এবং পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা
ধাপ-১০	মহাপরিচালক মহোদয়, উপ মহাপরিচালক এবং শাখা প্রধানের (পরিচালক) সাথে আলোচনা সাপেক্ষে অনুমতি প্রদান করেন।	৪ দিন	মহাপরিচালক মহোদয়, উপ মহাপরিচালক এবং শাখা প্রধান (পরিচালক)
ধাপ-১১	মহাপরিচালক মহোদয় পরিকল্পনা ও বাস্তবায়ন শাখায় প্রেরণ করেন	২ দিন	মহাপরিচালক, পরিচালক, উপ পরিচালক এবং অফিস সহকারী পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা
ধাপ-১২	পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা অনুমতি সাপেক্ষে পত্র ইস্যু করে সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তির নিকট এবং সেবা প্রদানকারী শাখার শাখা প্রধানের নিকট প্রেরণ করেন	৩ দিন	অফিস সহকারী পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, আবেদনকারী, শাখা প্রধান (পরিচালক)

৬) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map):




চ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ:



চিত্র: অ্যাপের হোম ইন্টারফেস



চিত্র: Equatorial View of *Mikania scandens* (1000X)



চিত্র: Equatorial View of *Hibiscus surattensis* (400X)

ছ) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	আবেদন দাখিল	ধাপ-১	সরাসরি অ্যাপ থেকে তথ্য গ্রহণ এর ক্ষেত্রে কোন ধাপের প্রয়োজন নেই
ধাপ-২	আবেদনপত্র গ্রহণ, ডায়েরিভুক্তকরণ	ধাপ-২	প্রয়োজন নেই
ধাপ-৩	মহাপরিচালক মহোদয়ের নিকট পেশ করা	ধাপ-৩	প্রয়োজন নেই
ধাপ-৪	পরিকল্পনা ও বাস্তবায়ন শাখায় প্রেরণ	ধাপ-৪	প্রয়োজন নেই
ধাপ-৫	পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, উপ পরিচালক পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার নিকট প্রেরণ করেন	ধাপ-৫	প্রয়োজন নেই
ধাপ-৬	উপ পরিচালক পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, নথিতে উপস্থাপনের উদ্দেশ্যে শাখায় প্রেরণ	ধাপ-৬	প্রয়োজন নেই
ধাপ-৭	অফিস সহকারী, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, নথিতে উপস্থাপন করে উপ পরিচালক এর নিকট প্রেরণ করেন	ধাপ-৭	প্রয়োজন নেই
ধাপ-৮	উপ পরিচালক, নথিটি পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এর নিকট প্রেরণ করেন	ধাপ-৮	প্রয়োজন নেই
ধাপ-৯	পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, মহাপরিচালক মহোদয়ের নিকট পেশ করেন	ধাপ-৯	প্রয়োজন নেই
ধাপ-১০	মহাপরিচালক মহোদয়, উপ মহাপরিচালক এবং শাখা প্রধানের (পরিচালক) সাথে আলোচনা সাপেক্ষে অনুমতি প্রদান করেন।	ধাপ-১০	প্রয়োজন নেই
ধাপ-১১	মহাপরিচালক মহোদয় পরিকল্পনা ও বাস্তবায়ন শাখায় প্রেরণ করেন	ধাপ-১১	প্রয়োজন নেই
ধাপ-১২	পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা অনুমতি সাপেক্ষে পত্র ইস্যু করে সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তির নিকট এবং সেবা প্রদানকারী শাখার শাখা প্রধানের নিকট প্রেরণ	ধাপ-১২	প্রয়োজন নেই



চিত্র: *Ammonia beccarii*  
(Linnaeus, 1758)




চিত্র: *Cyclammima trullissata*  
(Brady, 1879)

জ) TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা:

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	০১-০২ মাস	১ ঘন্টা
খরচ (নাগরিক ও অফিসের)	৫০০০ টাকা	৫০ টাকা (ইন্টারনেট বাবদ)
যাতায়াত	৮-১০ বার ন্যূনতম।	প্রয়োজন নেই
ধাপ	১২	৩
জনবল	১০-১২ জন	প্রয়োজন নেই
দাখিলীয় কাগজপত্র	চাহিদা পত্র	প্রয়োজন নেই

লেখচিত্র:



ঝ) বাস্তবায়নের অভিজ্ঞতার আনুপূর্বিক বিবরণ:

বাংলাদেশের প্রেক্ষাপটে এখন পর্যন্ত পোলেন এবং ফোরামিনিফেরার সম্পূর্ণ কোন ক্যাটালগ প্রস্তুত করা হয়নি। উক্ত দুইটি ক্যাটালগ স্তরতন্ত্র এবং জীবস্তরতন্ত্র, প্রত্নপরিবেশ, হাইড্রোকার্বনের গবেষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং শিক্ষার্থীদের শিক্ষা এবং গবেষণার কাজে বিশেষ সহায়ক ভূমিকা পালন করে বিধায় ক্যাটালগ সম্পর্কিত তথ্য ও পরীক্ষাগার প্রস্তুত প্রণালী সম্পর্কে ধারণা প্রাপ্তির উদ্দেশ্যে বর্তমানে বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং গবেষণা সংস্থা বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের নিকট আবেদন করেন। সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি উক্ত তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে বারংবার অধিদপ্তরে যাতায়াতের কারণে মূল্যবান সময় ও অর্থের ব্যাপক অপচয় হয় এবং একইসাথে সেবাদানকারি কর্মকর্তার সময়ের অপচয়ের সাথে দাপ্তরিক কাজেও আসুবিধার সম্মুখীন হতে হয়। ফলশ্রুতিতে সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের নিকট হতে যথাযথ তথ্য প্রাপ্তি থেকে বঞ্চিত হন। বিদ্যমান সমস্যা সমাধানে স্তরতন্ত্র এবং জীবস্তরতন্ত্র শাখায় সংরক্ষিত প্যালিনোলজি ও প্যালিওটোলজিক্যাল গবেষণার ক্যাটালগ সম্পর্কিত তথ্য ও পরীক্ষাগার প্রস্তুত প্রণালী অ্যাপ আকারে অনলাইনে আপলোড করা হবে। উক্ত তথ্য সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি (সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গবেষণা কাজে নিয়োজিত ছাত্র/গবেষক/শিক্ষক) অনলাইনে অ্যাপ থেকে সংগ্রহ করতে পারবেন।

অ্যাপটি ডায়নামিক হিসেবে প্রস্তুত করা হবে যা প্রতি বছর গবেষণা লব্ধ নতুন তথ্য দ্বারা হালনাগাদ করা হবে, ফলশ্রুতিতে সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি হালনাগাদ তথ্যসমূহ সহজেই সংগ্রহ করতে পারবেন। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনিমানে এই অ্যাপটি সহায়ক ভূমিকা পালন করবে।

**বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ:** ভেন্ডর আইটি ফার্ম কর্তৃক (আউট সোর্সিং) এর মাধ্যমে অ্যাপ প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় অর্থ।

**বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ:** গতানুগতিক আমলাতান্ত্রিক পদ্ধতিগত কারণে বিলম্ব।

**চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত ব্যবস্থা:** সভার পরিবর্তে নিয়মিত উপস্থাপনার মাধ্যমে সম্মিলিতভাবে সমাধান সরকারি আদেশ জারির তারিখ: ১৫/০৪/২০২১


**প্রচারে গৃহীত ব্যবস্থা:** ওয়েব সাইটে প্রকাশ এবং পত্র প্রেরণের মাধ্যমে জনগণকে অবহিতকরণ।

**পরিবীক্ষণ:** নিয়মিত অ্যাপস স্টোরে ব্যবহারকারীর সংখ্যা পরিবীক্ষণ।

**বাস্তবায়ন টিম:**

নাম ও পদবি
১. সৈয়দা জেসমিন হক, পদবী: উপ পরিচালক (ভূতত্ত্ব), কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২. কাজী মানসুরা আখতার, পদবী: উপ পরিচালক (ভূতত্ত্ব), কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৩. আসমা হক, পদবী: পরিচালক (ভূতত্ত্ব), কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

**টেকসইকরণে গৃহীত ব্যবস্থা:** নিয়মিত হালনাগাদের মাধ্যমে ব্যবহারকারীদের জন্য সহজবোধ্য, সহজলভ্য ও ব্যবহার উপযোগী করা হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
ইনোভেশন টিম  
www.gsb.gov.bd



নম্বর ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬২.১৯.৭

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮

০৫ মে ২০২১

## বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল অ্যাপ ব্যবহার প্রসঙ্গে।

২০২০-২০২১ অর্থবছরের সেবা সহজিকরণ হিসেবে “সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ” শীর্ষক আইডিয়াটি বাস্তবায়িত হয়েছে। **BD Palaeontology** শীর্ষক অ্যাপটি **Google Play Store** এর নিম্নে বর্ণিত লিংক হতে বিনামূল্যে ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

<https://play.google.com/store/apps/details?id=com.minisoftpark.bdpalaeontology>

জিএসবি'র কর্মকর্তা/কর্মচারীগণকে অ্যাপ ব্যবহারের জন্য অনুরোধ করা হলো।



৫-৫-২০২১

মোঃ আলী আকবর

পরিচালক (ভূতত্ত্ব)

ফোন: +৮৮০-২-৮৩৯১৯৭৯

ইমেইল: [aliakbar.bd@gmail.com](mailto:aliakbar.bd@gmail.com)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) জিএসবি'র শাখা প্রধানগণ
- ২) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর ( জিএসবি'র ওয়েবসাইট এ অ্যাপটির লিংক আপলোড করার অনুরোধসহ)
- ৩) জিএসবি'র কর্মকর্তাবৃন্দ
- ৪) জিএসবি'র কর্মচারীবৃন্দ
- ৫) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

## উদ্ভাবনী উদ্যোগ

### ক) উদ্ভাবনী উদ্যোগটির শিরোনাম: জিএসবি ব্লাড ক্লাব

খ) সেবাটি সহজিকরণের যৌক্তিকতা (সমস্যাটি কি ছিল): আমাদের দেশের হাসপাতালগুলোতে এখনও প্রয়োজনের তুলনায় রক্তের সরবরাহ কম। এখনও প্রতিবছর অনেক রোগী রক্তের অভাবে মারা যায়। মুমূর্ষু রোগীকে বাচাঁতে প্রায়শই জরুরি ভিত্তিতে রক্ত দেয়ার প্রয়োজন হয়। থ্যালাসেমিয়া রোগী, কারো অতিরিক্ত রক্তক্ষরণ, দুর্ঘটনায় আহত, সন্তান প্রসব, অ্যানিমিয়া, হিমোফিলিয়া, অস্ত্রোপচার প্রভৃতি কারণে রোগীর শরীরে রক্ত সঞ্চালনের প্রয়োজন পড়ে। কিন্তু প্রয়োজনের সময় জরুরি ভিত্তিতে রক্তদাতা খুজে পাওয়া অতি দুষ্কর। বিভিন্ন ব্লাড ব্যাংক এবং অপরিচিত রক্তদাতার সাথে যোগাযোগ করে রক্ত সাংগ্রহ করা একটি কষ্টসাধ্য বিষয়।

◇ কিভাবে সমস্যাটির সমাধান করা হয়েছে: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) তুলনামূলক অধিক জনবল সমৃদ্ধ (বর্তমান কর্মরত জনবল আনুমানিক ৪১৫ জন) একটি বড় সরকারী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী এবং তাঁদের পরিবারের ১৮ বছর উর্ধ্ব সদস্যগণের রক্তের গুণ সম্বলিত একটি ডাটাবেইস জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জিএসবি'র কোন কর্মকর্তা/কর্মচারী বা তাঁর পরিবারের কোন সদস্যের রক্তের প্রয়োজন হলে তিনি জিএসবি'র ওয়েবসাইটে সন্নিবেশিত ডাটাবেইস হতে প্রয়োজনীয় রক্তদাতার সন্ধান পাচ্ছেন। উক্ত রক্তদাতা স্বীয় দপ্তরের পরিচিত সহকর্মী হওয়ায় সহজেই তার সাথে যোগাযোগ করে রক্ত সংগ্রহ সম্ভব হচ্ছে।

◇ সমস্যা সমাধানের মধ্যে উদ্ভাবন কি ছিল: অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ ছাড়াও তাদের পরিবারের ১৮ বছর উর্ধ্ব সদস্যগণের রক্তের গুণের তথ্য উক্ত ডাটাবেইস সংযুক্তির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এতে রক্তদাতার সংখ্যা যেমন বৃদ্ধি পেয়েছে তেমন তরুন প্রজন্মকে রক্তদানে উৎসাহিত করা সম্ভব হচ্ছে। এছাড়া, রক্তদাতাগণের তথ্য ওয়েবসাইটে আপলোড করায় সহজেই যে কেউ বিনা যাতায়াতে এবং বিনা খরচে কাঙ্ক্ষিত রক্তদাতার সন্ধান পাচ্ছেন এবং ডাটাবেইসে সংরক্ষিত মোবাইল নম্বরে সরাসরি রক্তদাতার সাথে যোগাযোগ করে রক্ত সংগ্রহ করতে পারছেন।

◇ বর্তমান উদ্ভাবনের পূর্বের অবস্থা কি ছিলো: পূর্বে সেবাগ্রহীতাগণকে রক্তের সন্ধানে বিভিন্ন ব্লাড ব্যাংকে যাতায়াত করে অথবা অপরিচিত ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ করে রক্ত সংগ্রহ করতে হতো যা সময় সাপেক্ষ ছিলো এতে যাতায়াত বাবদ অর্থ ব্যয়, সময় ও শ্রম বিনিয়োগের প্রয়োজন হতো।

◇ জনগনের সেবা প্রদানে কিভাবে এটি ভূমিকা রাখবে: সেবাগ্রহীতাগণকে উদ্ভাবনী উদ্যোগটির মাধ্যমে বিনা খরচ ও বিনা যাতায়াতে, স্বল্প সময়ে কাঙ্ক্ষিত তথ্য প্রদান করা সম্ভব হচ্ছে। প্রয়োজনীয় রক্তদাতার তথ্য সম্পর্কে আগে থেকেই অবহিত থাকার দরুন জরুরী মুহূর্তে মুমূর্ষু রোগীর জীবন রক্ষায় সহায়ক ভূমিকা রাখবে।

◇ সেবা সহজিকরণকৃত উদ্ভাবনটিতে কি শিক্ষণীয় রয়েছে: জিএসবি'র কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত বিভিন্ন রক্তের গুণ সম্বলিত পূর্ণাঙ্গ তথ্যভান্ডার, যার মাধ্যমে প্রয়োজনের সময় সবাই উপকৃত হবেন।


গ) সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি:

	বিষয়	তথ্যাদি
১.	সেবা প্রদানকারী অফিস	বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২.	সেবার সংক্ষিপ্ত বিবরণ	জিএসবি-তে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী এবং তাঁদের পরিবারের ১৮ উর্ধ্ব সদস্যদের রক্তের গুপ সঞ্চলিত একটি ডাটাবেইস প্রতিষ্ঠানের ওয়েবসাইটে দেওয়া হবে। জিএসবি'র কোন কর্মকর্তা/কর্মচারী বা তাঁর পরিবারের কোন সদস্যের রক্তের প্রয়োজন হলে তিনি ওয়েবসাইটে প্রদত্ত ডাটাবেস হতে প্রয়োজনীয় রক্তদাতার সন্ধান পাবেন।
৩.	বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা	আনুমানিক ৫০ জন
৪.	সেবা প্রাপ্তির শর্তাবলি	অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী অথবা তাঁদের পরিবারের সদস্য হতে হবে।
৫.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	জনাব এ. জেড. এম. সালেহ আহমেদ, ফটোল্যাব সুপারিনটেনডেন্ট, জিএসবি
৬.	সেবাপ্রাপ্তির সময়	তাৎক্ষণিক
৭.	সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র	প্রয়োজ্য নয়
৮.	সেবাপ্রাপ্তির জন্য খরচ	কোন খরচের প্রয়োজন হবে না।
৯.	সেবাপ্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	কোন যাতায়াতের প্রয়োজন হবে না।
১০.	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা	প্রয়োজ্য নয়।
১১.	সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/সমস্যা/ চ্যালেঞ্জসমূহ	রক্তদাতাদের রক্ত দানে অনীহা। এক্ষেত্রে রক্তদানে উৎসাহিত করার জন্য বিভিন্ন ক্যাম্পেইন করার প্রয়োজন।

ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ:


সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘণ্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	রক্তের প্রয়োজনে ব্লাড ব্যাংকে যোগাযোগ	১ দিন	সংশ্লিষ্ট ব্যক্তি
ধাপ-২	বিভিন্ন মাধ্যমে অপরিচিত ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ	২ দিন	
ধাপ-৩	কাংশিত রক্তদাতার রক্ত প্রদানে অনীহা প্রকাশ	১ দিন	
ধাপ-৪	অন্য আরেকজনের সাথে যোগাযোগ	১ দিন	

ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map):



চিত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- ঐর জন্মশতবার্ষিকীতে জিএসবি'র ইনোভেশন টিম কর্তৃক আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ উদ্বোধন করেন

চ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ:



P:১, T:১


ছ) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	রক্তের প্রয়োজনে ব্লাড ব্যাংকে যোগাযোগ		প্রতিষ্ঠানের ওয়েবসাইটে অনুসন্ধান
ধাপ-২	বিভিন্ন মাধ্যমে অপরিচিত ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ		পরিচিত ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ
ধাপ-৩	কাঙ্ক্ষিত রক্তদাতার রক্ত প্রদানে অনীহা প্রকাশ		পরিচিত ব্যক্তি হওয়ায় সহজেই রক্তদানে সম্মত করা যায়
ধাপ-৪	অন্য আরেকজনের সাথে যোগাযোগ		রক্ত সংগ্রহ
ধাপ-৫	রক্ত দানে সম্মত করা		
ধাপ-৬	রক্ত সংগ্রহ		

জ) TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা:

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	৩ - ৫ দিন	১ দিন
খরচ (নাগরিক ও অফিসের)		
যাতায়াত	৩ - ৫ দিন	প্রযোজ্য নয়
ধাপ	৬	৩
জনবল		
দাখিলীয় কাগজপত্র		

লেখচিত্র:



বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ: বিনা অর্থ ব্যয়ে উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়ন করা হয়েছে।

বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ: রক্তদানে আগ্রহ ও উদ্ভুদ্ধকরণ।

চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত ব্যবস্থা: রক্তদানে উৎসাহ প্রদানে ব্লাড ডোনেশন ক্যাম্প আয়োজন।

সরকারি আদেশ জারির তারিখ: ২২/০৩/২০২১

প্রচারে গৃহীত ব্যবস্থা: ওয়েব সাইটে প্রকাশের মাধ্যমে জনগণকে অবহিতকরণ।

বাস্তবায়নকারী টিম:

নাম ও পদবি
১. জনাব এ. জেড. এম. সালেহ আহমেদ, পদবী: ফটোল্যাভ সুপারিনটেনডেন্ট, কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২. জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, পদবী: লাইব্রেরিয়ান, কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৩. জনাব মরিয়ম সুলতানা শিখা, পদবী: অফিস সহকারি, কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৪. জনাব তরিকুল ইসলাম, পদবী: শর্ট ফায়ারার, কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৫. জনাব রাবেয়া খাতুন, পদবী: অফিস সহকারি, কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

টেকসইকরণে গৃহীত ব্যবস্থাাদি: ওয়েবসাইটে সন্নিবেশিত তথ্যভান্ডার নিয়মিত হালনাগাদকরণ এবং রক্ত দান বিষয়ক প্রচারণা সভা আয়োজন।



চিত্র: জিএসবি'র ইনোভেশন টিম ও উদ্ভাবক সদস্যবৃন্দ



চিত্র: জিএসবি'র ইনোভেশন টিম কর্তৃক আয়োজিত রক্তের গুণ সনাক্তকরণ, ডাটাবেইস তৈরি ও স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি



চিত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- ঐর জন্মশতবার্ষিকীতে জিএসবি কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ, জিএসবি'র মহাপরিচালক ও অন্যান্যগণ



চিত্র: জিএসবি'র ব্লাড ক্লাব-এর রক্তদান কর্মসূচিকে উৎসাহিত করার লক্ষ্যে জিএসবি-বিজিআর এর যৌথ প্রয়াস (জিওইউপিএসি) প্রকল্পের জার্মান পরামর্শকের রক্তদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।



নম্বর: ২৮.০৫.০০০০.০০৫.০৪.০৩৮.১৭.২১১

তারিখ: ৮ চৈত্র ১৪২৭

২২ মার্চ ২০২১

## অফিস আদেশ

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম ৬.১ অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগ হিসেবে “জিএসবি ব্লাড ক্লাব” শীর্ষক আইডিয়াটি চূড়ান্ত করা হয়। সে লক্ষ্যে প্রস্তুতকৃত ডাটাবেজটি জিএসবি’র ওয়েবসাইটে আপলোডের জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

২২-৩-২০২১

মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী

পরিচালক (ভূতত্ত্ব)

ফোন: +৮৮০-২-৮৩৯১৯৬৩

ইমেইল: azizpatwary@yahoo.com

নম্বর: ২৮.০৫.০০০০.০০৫.০৪.০৩৮.১৭.২১১/১(৪)

তারিখ: ৮ চৈত্র ১৪২৭

২২ মার্চ ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব), অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি’র ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২২-৩-২০২১

মোঃ আবু সায়েম

উপ-পরিচালক (ভূতত্ত্ব)

## ডিজিটাল সেবা

ক) ডিজিটাইজডকৃত উদ্ভাবনী উদ্যোগটির নাম: বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে জিএসবি'র লাইব্রেরির প্রকাশিত প্রতিবেদনের তথ্য প্রদান সেবা প্রক্রিয়া সহজিকরণ

খ) সেবাটি সহজিকরণের যৌক্তিকতা (সমস্যাটি কি ছিল): বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র প্রকাশনা ও প্রশিক্ষণ শাখায় বিজি প্রেস কর্তৃক প্রকাশিত জিএসবি'র বহিরঞ্জান কর্মসূচির প্রতিবেদনসমূহ থাকে। এ সকল প্রকাশিত প্রতিবেদনসমূহ বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরে অথবা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের (বিশ্ববিদ্যালয়সমূহের) ভূতাত্ত্বিক কাজে ব্যবহৃত হয়। এ সকল প্রতিবেদনসমূহ পূর্বে আবেদনপত্রের দ্বারা আবেদনের মাধ্যমে সরবরাহ করা হতো। এক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে দীর্ঘসূত্রিতা, সেবা গ্রহীতাদের চাহিদা অনুযায়ী সকল বিষয়ে তথ্য না থাকা, তথ্য বিতরণের নীতিমালা না থাকা, ভূ-বৈজ্ঞানিক কর্তৃক তৈরীকৃত তথ্যাদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যবহার করলে তার রেফারেন্স না দেয়া ইত্যাদি বিষয়ে সমস্যা দেখা দিত। ফলে তথ্য প্রাপ্তি দীর্ঘায়িত ও বাধাগ্রস্ত হতো এবং আবেদনকারীকে কয়েকবার জিএসবি'তে যাতায়াত করতে হতো। এতে আবেদনকারী আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হতো এবং তার অনেক সময় নষ্ট হতো।

◇ কিভাবে সমস্যাটির সমাধান করা হয়েছে: সমস্যাটি সমাধান এবং বিদ্যমান সেবাটিকে সহজিকরণের লক্ষ্যে একটি আবেদন ফরম তৈরী করে জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে যার মাধ্যমে আবেদনকারী যেকোনো জায়গায় বসে জিএসবি'র ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে আবেদনটি করতে পারবেন এবং আবেদনকারীর চাহিত তথ্য জিএসবি'তে থাকলে তা দ্রুত আবেদনকারীকে সরবরাহ করা সম্ভব হচ্ছে।

◇ সমস্যা সমাধানের মধ্যে উদ্ভাবন কি ছিল: সেবাগ্রহীতা যে কোন অবস্থান থেকে বাংলাদেশের যে সকল এলাকার বিজি প্রেস কর্তৃক জিএসবি'র প্রকাশিত ভূ-বৈজ্ঞানিক গবেষণা প্রতিবেদন রয়েছে সে বিষয়ে স্বল্প খরচ, স্বল্প সময়ে এবং বিনা যাতায়াতে তথ্য পেতে পারেন। ওয়েবসাইটে প্রদর্শিত আবেদন ফরমের মাধ্যমে চাহিত এলাকার প্রকাশিত প্রতিবেদন প্রাপ্যতা বিষয়ে অনলাইনে আবেদন করা সহজতর হয়েছে।

◇ বর্তমানে সেবাটি ডিজিটাইজেশনের পূর্বের অবস্থা কি ছিলো: পূর্বে সেবাগ্রহীতাগণ নিজে এসে জিএসবি'তে আবেদনপত্র জমা দিতেন এবং সেটি প্রশাসনিক ধাপ কাটিয়ে আবেদনকারীকে উক্ত তথ্য দেয়া যাবে কি যাবেনা তা জানাতে সময় বেশী লাগতো এবং বিষয়টি জানতেও সেবাগ্রহীতাগণকে জিএসবি'তে আসতে হতো। এতে সেবাগ্রহীতার সময়, যাতায়াত এবং খরচ হতো।

◇ জনগনের সেবা প্রদানে কিভাবে এটি ভূমিকা রাখবে: সেবাগ্রহীতাগণকে অনলাইন আবেদন ফরমের মাধ্যমে স্বল্প খরচ এবং বিনা যাতায়াতে স্বল্প সময়ে তথ্য প্রদান করা সম্ভব হচ্ছে।

◇ ডিজিটাইজডকৃত উদ্ভাবনটিতে কি শিক্ষণীয় রয়েছে: জিএসবি কর্তৃক সম্পাদিত প্রকাশিত ভূবৈজ্ঞানিক প্রতিবেদন আগ্রহী জনগণ ও গবেষকগণ ঘরে বসেই অনলাইনে সংগ্রহ করতে পারছেন।


গ) সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি:

	বিষয়	তথ্যাদি
১.	সেবা প্রদানকারী অফিস	বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)
২.	সেবার সংক্ষিপ্ত বিবরণ	সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গবেষণা কাজে নিয়োজিত ছাত্র/গবেষক/শিক্ষকদের জিএসবি'র লাইব্রেরির প্রকাশিত প্রতিবেদনের তথ্য প্রদান সেবা প্রক্রিয়া সহজিকরণ।
৩.	বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা	২০ হতে ২৫ জন।
৪.	সেবাপ্রাপ্তির শর্তাবলি	১. সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গবেষণা কাজে নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানের তাদের স্ব স্ব প্রাতিষ্ঠানিক প্যাডে বিভাগীয় প্রধান কর্তৃক সুপারিশকৃত/অনলাইন ফরমে জিএসবি'র মহাপরিচালক বরাবর আবেদন। ২. আবেদনে সেবার সময়কাল, ধরণ ইত্যাদি উল্লেখ থাকতে হবে।
৫.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	মহাপরিচালকের দপ্তরের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক, পরিচালক, উপপরিচালক, প্রধান লাইব্রেরিয়ান, লাইব্রেরিয়ান।
৬.	সেবাপ্রাপ্তির সময়	১০ থেকে ১৫ দিন
৭.	সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র	আবেদন ফরম।
৮.	সেবাপ্রাপ্তির জন্য খরচ	যাতায়াত খরচ
৯.	সেবাপ্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	৩ থেকে ৪ বার।
১০.	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা	লাইব্রেরি ব্যবহার নীতিমালা
১১.	সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা, পদবি, ইমেইল ও ফোন	তথ্য কর্মকর্তা
১২.	সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/সমস্যা/ চ্যালেঞ্জসমূহ	১. সিদ্ধান্ত গ্রহণে দীর্ঘসূত্রিতা, ২. সেবা গ্রহীতাদের চাহিদা অনুযায়ী সকল বিষয়ে তথ্য না থাকা, ৩. তথ্য বিতরণের নীতিমালা না থাকা, ৪. ভূ-বিজ্ঞানীগণ কর্তৃক তৈরীকৃত তথ্যাদি কেহ ব্যবহার করলে তার রেফারেন্স না দেয়া।


ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ:

সেবা প্রদানের ধাপ	কার্যক্রম	প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট)	সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি)
ধাপ-১	সেবাগ্রহণকারী কর্তৃক আবেদন দাখিল		
ধাপ-২	মহাপরিচালক মহোদয়ের দপ্তর কর্তৃক আবেদন গ্রহণ, ডকেটকরণ ও মহাপরিচালক বরাবর প্রেরণ	১-২ দিন	মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী
ধাপ-৩	মহাপরিচালক মহোদয় কর্তৃক অবলোকন ও পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাকে প্রেরণ	১-৩ দিন	মহাপরিচালক
ধাপ-৪	পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা কর্তৃক পরিচালক, লাইব্রেরিকে প্রেরণ	১-২ দিন	পরিচালক, পওবা
ধাপ-৫	পরিচালক, লাইব্রেরি কর্তৃক উপপরিচালক, লাইব্রেরিকে প্রেরণ	১ দিন	পরিচালক, লাইব্রেরি
ধাপ-৬	উপপরিচালক, লাইব্রেরি কর্তৃক প্রধান লাইব্রেরিয়ানকে প্রেরণ	১ দিন	উপপরিচালক, লাইব্রেরি
ধাপ-৭	শাখার কর্মকর্তাদের নিকট হতে তথ্যাদি সংগ্রহ	১-২ দিন	প্রধান লাইব্রেরিয়ান, লাইব্রেরিয়ান
ধাপ-৮	প্রধান লাইব্রেরিয়ান কর্তৃক উপপরিচালককে অবগতকরণ	১-২ দিন	প্রধান লাইব্রেরিয়ান
ধাপ-৯	উপপরিচালক হতে পরিচালক, লাইব্রেরিকে অবগতকরণ	১ দিন	উপপরিচালক, লাইব্রেরি
ধাপ-১০	পরিচালক, লাইব্রেরি হতে মহাপরিচালকের দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ	১ দিন	পরিচালক, লাইব্রেরি
ধাপ-১১	মহাপরিচালক কর্তৃক অনুমোদন	১-২ দিন	মহাপরিচালক
ধাপ-১২	শাখা প্রধান, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা কর্তৃক আবেদনকারীকে পত্রের মাধ্যমে অবগতকরণ	১-২ দিন	পরিচালক, পরিকল্পনা

ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map):



চ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ:




ছ) তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ	বিদ্যমান ধাপের বর্ণনা	প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ	প্রস্তাবিত ধাপের বর্ণনা
ধাপ-১	সেবাগ্রহণকারী কর্তৃক আবেদন দাখিল	ধাপ-১	আবেদন দাখিল
ধাপ-২	মহাপরিচালক মহোদয়ের দপ্তর কর্তৃক আবেদন গ্রহণ, ডকেটকরণ ও মহাপরিচালক বরাবর প্রেরণ	ধাপ-২	মহাপরিচালক দপ্তর কর্তৃক আবেদন গ্রহণ ও মহাপরিচালককে উপস্থাপন
ধাপ-৩	মহাপরিচালক মহোদয় কর্তৃক অবলোকন ও পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাকে প্রেরণ		
ধাপ-৪	পরিচালক, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা কর্তৃক পরিচালক, লাইব্রেরিকে প্রেরণ	ধাপ-৩	মহাপরিচালক কর্তৃক পরিচালক, লাইব্রেরি শাখায় প্রেরণ
ধাপ-৫	পরিচালক, লাইব্রেরি কর্তৃক উপপরিচালক, লাইব্রেরিকে প্রেরণ		
ধাপ-৬	উপপরিচালক, লাইব্রেরি কর্তৃক প্রধান লাইব্রেরিয়ানকে প্রেরণ	ধাপ-৪	পরিচালক, লাইব্রেরি হতে প্রধান লাইব্রেরিয়ানকে প্রেরণ
ধাপ-৭	শাখার কর্মকর্তাদের নিকট হতে তথ্যাদি সংগ্রহ	ধাপ-৫	লাইব্রেরি শাখা হতে তথ্য সংগ্রহ ও পরিচালক, লাইব্রেরিকে প্রেরণ
ধাপ-৮	প্রধান লাইব্রেরিয়ান কর্তৃক উপপরিচালককে অবগতকরণ		
ধাপ-৯	উপপরিচালক হতে পরিচালক, লাইব্রেরিকে অবগতকরণ		
ধাপ-১০	পরিচালক, লাইব্রেরি হতে মহাপরিচালকের দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ	ধাপ-৬	পরিচালক, লাইব্রেরি হতে মহাপরিচালকের দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ
ধাপ-১১	মহাপরিচালক কর্তৃক অনুমোদন	ধাপ-৭	মহাপরিচালক কর্তৃক অনুমোদন
ধাপ-১২	শাখা প্রধান, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা কর্তৃক আবেদনকারীকে পত্রের মাধ্যমে অবগতকরণ	ধাপ-৮	শাখা প্রধান, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা কর্তৃক আবেদনকারীকে পত্রের মাধ্যমে অবগতকরণ

জ) TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা:

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	১৯ দিন	১০ দিন
খরচ (নাগরিক ও অফিসের)	আনুমানিক ২০০০ টাকা	ইন্টারনেট খরচ + ৫০০ টাকা
যাতায়াত	৩- ৪ বার	১ বার বা ই-মেইলে তথ্য প্রাপ্তি
ধাপ	১২টি	৮টি
জনবল	৬ জন	৬ জন
দাখিলীয় কাগজপত্র	১টি	১টি

লেখচিত্র:



ঝ) বাস্তবায়নের অভিজ্ঞতার আনুপূর্বিক বিবরণ:

জনাব ক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের এম.এস.সি কের্সের একজন ছাত্র। তিনি তার থিসিস গবেষণা কাজের প্রয়োজনে জিএসবি'র লাইব্রেরি থেকে জিএসবি'র প্রকাশিত প্রতিবেদনসহ বিভিন্ন জার্নাল ও পুস্তকসমূহ ব্যবহারের বিষয়ে জানতে প্রথমে রাজশাহী থেকে জিএসবি আসেন। জিএসবি থেকে তাকে মহাপরিচালক বরাবর একটি আবেদন করার জন্য বলা হয়। আবেদনটি তার বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের প্যাডে তার সুপারভাইজার করবেন যা তার বিভাগের চেয়ারম্যান কর্তৃক সুপারিশকৃত হতে হবে। এরপর তিনি পুনরায় রাজশাহী ফেরত যান এবং নিয়ম অনুযায়ী আবেদন করে পুনরায় রাজশাহী থেকে জিএসবি আসেন তা জমা দিতে। পরবর্তীতে আবেদন পত্রটি মহাপরিচালক মহোদয়ের দপ্তর হতে বিভিন্ন শাখার মাধ্যমে সর্বশেষ মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন হতে ১৫ - ২০ দিন অতিবাহিত হয়ে যায়। এরমধ্যে জনাব নজরুল আরো ১ বার রাজশাহী থেকে আসেন এবং ৩ - ৫ বার টেলিফোনে তার আবেদনের অবস্থা সম্পর্কে জানতে চান। সর্বশেষে তিনি ৩০ দিন পর ডাকে জিএসবি হতে প্রেরিত একটি চিঠির মাধ্যমে জানতে পারেন তিনি উক্ত সেবাটি গ্রহণ করতে পারবেন।

বর্তমানে সেবাটি ডিজিটাইজড করার ফলে জিএসবি'র ওয়েবসাইটে সংরক্ষিত অনলাইন ফরমের মাধ্যমে এধরণের আবেদন গ্রহণ করা হচ্ছে। সেক্ষেত্রে আবেদনকারীকে জিএসবি অফিসে আসার প্রয়োজন হচ্ছেনা এবং

মহাপরিচালকের দপ্তর হতে বিভিন্ন ধাপে আবেদনটি অনুমোদনের সময় ও ধাপ কমিয়ে আনা হয়েছে যাতে ন্যূনতম সময়ে সেবাটি প্রদান করা সম্ভব হচ্ছে।

বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ: বিনা অর্থ ব্যয়ে উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়ন করা হয়েছে।

বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ: আমলাতান্ত্রিক জটিলতা, সেবাদানে আগ্রহ ও উদ্ভুদ্ধতা।

চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত ব্যবস্থা: আবেদন ফরম ওয়েব সাইটে প্রকাশ

সরকারি আদেশ জারির তারিখ: ১৫/০২/২০২১

প্রচারে গৃহীত ব্যবস্থা: ওয়েব সাইটে প্রকাশের মাধ্যমে জনগণকে অবহিতকরণ।

বাস্তবায়ন টিম:

নাম ও পদবি
১. জনাব নাসিমা বেগম, পদবী: পরিচালক (ভূতত্ত্ব), কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২. জনাব মোহাম্মদ আলমগীর কবির, পদবী: উপ পরিচালক (ভূতত্ত্ব), কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৩. জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, পদবী: লাইব্রেরিয়ান, কর্মস্থল: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

টেকসইকরণে গৃহীত ব্যবস্থা: নিয়মিত হালনাগাদ ও দ্রুত সেবা প্রদানের মাধ্যমে সেবাগ্রহীতাগণের জন্য ডিজিটাইজডকৃত সেবাটির সুফল আরও জনবান্ধবকরণে ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রতিবেদনের সফট কপি ই-মেইলে প্রেরণ করা হবে। হার্ড কপি নিতে হলে সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠানকে এর ব্যয়ভার বহন করতে হবে।

## Application form for receipt of report information published by GSB

Name of the person / organization:

Designation:

Occupation:

Workplace / Educational Institution Address:

Phone / Mobile Number:

E-mail:

What kind of information / type of information sought:

- Hard copy
- Soft copy

Information on area: (Specify the name of the district / upazila)

Purpose of use / overview:

Terms & Condition: 1. No part of this report can not be photocopied/published elsewhere / used for commercial purposes. 2. If any information of the report is used for research work, the name of the author of the report and the name of the Geological Survey of Bangladesh (GSB) should be mentioned as the source of information.

- I have read the terms & condition and agreed to the terms stated.

<input type="checkbox"/> I'm not a robot	 reCAPTCHA Privacy · Terms
--	---

Emergency Contact:  
Mohammad Mostafizur Rahaman  
Librarian  
Phone: 01834988164

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
ইনোভেশন টিম



[www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬২.১৯.৩

তারিখ: ২ ফাল্গুন ১৪২৭

১৫ ফেব্রুয়ারি ২০২১

**অফিস আদেশ**

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ১১.১.১ এবং বার্ষিক কর্মসম্পাদন সূচকের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ক্রমিক নম্বর এম ২.২.১ অনুযায়ী ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়নের জন্য ২০২০-২০২১ অর্থবছরের ডিজিটাল সেবা হিসেবে নির্বাচিত 'বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে জিএসবি'র লাইব্রেরির প্রকাশিত প্রতিবেদনের তথ্য প্রদান সেবা প্রক্রিয়া সহজিকরণ' শীর্ষক উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়িত হয়েছে।

জিএসবি'র তথ্য বাতায়ন ([www.gsb.gov.bd](http://www.gsb.gov.bd)) এর অনলাইন ফরম (প্রকাশিত প্রতিবেদনের জন্য আবেদন) অপশনে প্রবেশ করে সেবাটি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১৫-২-২০২১

মোঃ আলী আকবর

পরিচালক (ভূতত্ত্ব)

নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬২.১৯.৩/১(১১)

তারিখ: ২ ফাল্গুন ১৪২৭


১৫ ফেব্রুয়ারি ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব), অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) পরিচালক (ভূতত্ত্ব), প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) পরিচালক (ভূতত্ত্ব), ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৭) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১০) লাইব্রেরিয়ান-২ , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১১) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



১৫-২-২০২১

রাজিব কুমার সাহা

সহকারী পরিচালক (ভূতত্ত্ব), ফোকাল পয়েন্ট,

ইনোভেশন টিম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।



নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.০৬.০০১.১৭.৩৩

তারিখ: ২৮ পৌষ ১৪২৭

১২ জানুয়ারি ২০২১

### অফিস আদেশ

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)-এর ইনোভেশন টিম নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে নির্দেশক্রমে পুনঃগঠন করা হলো।

#### ভূতত্ত্ববিদ

১. জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার
২. জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব), সদস্য
৩. ড. মোঃ আহসান হাবিব, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য
৪. জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য ও ফোকাল পয়েন্ট
৫. জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য সচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট

#### ভূপদার্থবিদ

১. জনাব লুবনা ইয়াসমিন খন্দকার, উপ-পরিচালক (ভূপদার্থ), সদস্য

#### রসায়নবিদ

১. জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপ-পরিচালক (রসায়ন), সদস্য

#### ড্রিলিং প্রকৌশলী

১. জনাব মঈন উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (ড্রিলিং প্রকৌশল)

#### কমিটির কার্যপরিধি (ToR):

ক. কমিটি মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত ইনোভেশন টিমের কার্যপরিধি অনুযায়ী জিএসবি'র ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

১২-১-২০২১

মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী

পরিচালক (ভূতত্ত্ব)

ফোন: +৮৮০-২-৮৩৯১৯৬৩

ইমেইল:

azizpatwary@yahoo.com

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) জিএসবি'র শাখা প্রধানগণ
- ২) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, প্রকৌশল ও নগর ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) উপ-পরিচালক (ভূপদার্থ)-৩, ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) উপ-পরিচালক (রসায়ন)-২, বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) উপ-পরিচালক (ড্রিলিং)-১, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১০) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১১) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১২) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১৩) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



১২-১-২০২১

আত্তারুল আহসান  
উপ-পরিচালক (ভূতত্ত্ব)

